

**AKASHVANI(AIR)  
RNU:KOLKATA  
BengaliText Bulletin**

**Date 11-12-2025**

**Time: 1.30 P.M.**

**বিশেষ বিশেষ খবর -**

১) ইউনেক্সোর অমূল্য সাংস্কৃতিক ঐতিহ্যের তালিকায় দীপাবলি উৎসবকে অন্তর্ভুক্ত করার সিদ্ধান্তকে রাজ্যসভা স্বাগত জানিয়েছে।

সংসদের উচ্চ কক্ষে আজও বন্দেমাতরমের সার্ধশতবর্ষ উপলক্ষে আলোচনা চলছে।

২) কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন, বিরোধীরা নিজেদের ভোট ব্যাংক সুরক্ষিত রাখতে অবৈধ অনুপ্রবেশকারীদের আশ্রয় দিচ্ছে। # লোকসভায় নির্বাচনী সংস্কার নিয়ে স্বরাষ্ট্রমন্ত্রীর বক্তব্যের প্রশংসা করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

৩) ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন- SIR-এর এন্যুমারেশন পর্ব আজ শেষ হচ্ছে।

৪) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ দু-দিনের মণিপুর সফরে যাচ্ছেন।

৫) প্রাক্তন রাষ্ট্রপতি প্রণব মুখোপাধ্যায়ের জন্মজয়ন্তীতে সারা দেশ তাকে গভীর শ্রদ্ধার সঙ্গে স্মরণ করছে।

৬। T-20 ক্রিকেট সিরিজের দ্বিতীয় ম্যাচে ভারত আজ নিউ চগ্নীগড়ে দক্ষিণ আফ্রিকার মুখোমুখি হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

ইউনেক্সোর ইন্ট্যানজেবল কালচারাল হেরিটেজ বা অমূল্য সাংস্কৃতিক ঐতিহ্যে তালিকায় দীপাবলি উৎসবকে অন্তর্ভুক্ত করার সিদ্ধান্তকে রাজ্যসভা স্বাগত জানিয়েছে। চেয়ারম্যান সি পি রাধাকৃষ্ণণ বলেছেন, এই মুহূর্ত এক জাতীয় গর্বের স্বরূপ। দীপাবলি শুধুমাত্র উৎসব নয়, অন্ধকারকে দূরে সরিয়ে আলোর এবং অজ্ঞতাকে দূর করে জ্ঞানের উৎসব।

( বাইট রাধাকৃষ্ণণ)

উল্লেখ্য, নতুন দিল্লির লালকেল্লায় চলতি ২০-তম ইউনেস্কো আন্তঃ সরকারী কমিটির বৈঠকে এই সিদ্ধান্তের কথা ঘোষণা করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন, বিরোধীরা নিজেদের ভোট ব্যাংক সুরক্ষিত রাখতে অবৈধ অনুপ্রবেশকারীদের আশ্রয় দিচ্ছে। লোকসভায় গতকাল নির্বাচনী সংস্কার নিয়ে আলোচনার জবাবী ভাষণে তিনি বলেন, অনুপ্রবেশকারীরা কখনোই নির্ধারণ করতে পারেনা যে দেশের প্রধানমন্ত্রী বা মুখ্যমন্ত্রী কে হবেন। সীমান্তে অনুপ্রবেশের প্রসঙ্গ উল্লেখ করে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, বাংলাদেশের সঙ্গে ২'হাজার ২১৬ কিলোমিটার সীমান্ত এলাকায় ক্রমাগত অনুপ্রবেশের ঘটনা ঘটছে। তৃণমূল কংগ্রেস ও কংগ্রেসের মতো বিরোধী দলগুলি সেই অনুপ্রবেশকারীদের আশ্রয় দিচ্ছে। কারণ তাদের ভোটব্যাক্ষ। এ প্রসঙ্গে তিনি পশ্চিমবঙ্গ সরকারের সমালোচনা করে বলেন, তারা জমি না দেওয়ায়, আন্তর্জাতিক সীমান্তের ৫৬৩ কিলোমিটার এলাকায় বেড়া দেওয়া সম্ভব হচ্ছে না।

( বাইট- অমিত শাহ/ সীমান্ত )

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী স্পষ্ট জানান, সরকারের ডিটেক্ট, ডিলিট ও ডিপোর্ট অর্থাৎ- চিহ্নিতকরণ, বাদ দেওয়া ও অভিবাসনের নীতি, অবৈধ অনুপ্রবেশকারীদের কখনোই ভোটার তালিকায় অন্তর্ভুক্ত করতে দেবে না। এই কারণেই ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন কর্মসূচী SIR জরুরী বলে দ্রুতিহীন ভাষায় তিনি জানান। SIR-এর উদ্দেশ্য হল অবৈধ অনুপ্রবেশকারী ও দুই জায়গায় নাম আছে এমন ভোটারদের নাম তালিকা থেকে বাদ দিয়ে ভোটার তালিকার পরিমার্জন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নির্বাচনী সংস্কার নিয়ে স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ-এর বক্তব্যের প্রশংসা করেছেন। সামাজিক মাধ্যমে এক বার্তায় প্রধানমন্ত্রী বলেছেন, অমিত শাহ দেশের নির্বাচনী প্রক্রিয়ায় বিস্তারিত তথ্য তুলে ধরেছেন। ভারতের গণতন্ত্রের শক্তি যে বাস্তব তথ্যের ওপর ভিত্তি করেই সে কথাও স্পষ্ট উল্লেখ করেন তিনি। অমিত শাহ এর বক্তব্য বিরোধীদের বিভিন্ন অভিযোগ ভিত্তিহীন প্রমাণ করেছে বলেও তিনি উল্লেখ করেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

জাতীয় স্তোত্র 'বন্দে মাতরম'-এর ১৫০তম বার্ষিকী উপলক্ষে রাজ্যসভায় আজ ও আলোচনা চলছে। সভার নেতা ও কেন্দ্রীয় মন্ত্রী জগত প্রকাশ নাড়ার ভাষণের মধ্যে দিয়ে এই নিয়ে ২ দিন ধরে চলা আলোচনার পরিসমাপ্তি হবে।

উল্লেখ্য, গত মঙ্গলবার রাজ্যসভায় এই নিয়ে আলোচনার সূত্রপাত করেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ।

এতে অংশ নিয়ে কংগ্রেস নেতা জয়রাম রমেশ অভিযোগ করেন, এই আলোচনা আসলে প্রাক্তন প্রধানমন্ত্রী জওহরলাল নেহরুকে অসম্মান করার উদ্দেশ্যেই। কংগ্রেসের প্রতিটি অধিবেশনে বন্দে মাতরম গাওয়া হতো বলেও তিনি উল্লেখ করেন। সিপিআই নেতা সন্দোষ কুমার বলেন, বন্দে মাতরম ভগত সিং, চন্দ্রশেখর আজাদ, খুদিরাম বসুর মতো হাজারো স্বাধীনতা সংগ্রামী ও নেতাদের অনুপ্রেরণা ছিল।

বিজেতি নেতা দেবাশীষ সামন্তরায় বলেন, বন্দে মাতরম ছিল ভারতের স্বাধীনতার কঠস্বর।

বিজেপি নেতা রামচন্দ্র জাংড়া বলেছেন, বন্দে মাতরম গোটা ভারতের অনুপ্রেরণার উৎস। আপনে নেতৃত্ব স্বাতি মালিওয়াল বলেছেন, বন্দে মাতরম শুধু গান নয়, এটি এমন এক অনুপ্রেরণার উৎস যা স্বাধীনতা সংগ্রামের সময় দেশবাসীকে বিটিশদের বিরুদ্ধে লড়াইয়ে শক্তি জুগিয়েছিল। বন্দে মাতরম নিয়ে আলোচনা শেষে রাজ্যসভায় আজ নির্বাচনী সংস্কার নিয়ে আলোচনা শুরু হবে।

oooooooooooooooooooooooooooooooooooo

কেন্দ্রীয় সড়ক পরিবহন মন্ত্রী নীতিন গড়কড়ি বলেছেন, পেট্রোলের সঙ্গে কুড়ি শতাংশ হারে ইথানল মেশানোর ফলে দেশে কার্বন ডাই অক্সাইড উদ্গীরণ ৭৩৬ লক্ষ টন কমানো সম্ভব হয়েছে। আজ লোকসভায় শ্রী গড়কড়ি বলেন, ইথানল একটি পরিবেশ বান্ধব জ্বালানী এবং এটি উৎপাদনের ফলে কৃষকদের আয়ও বৃদ্ধি পেয়েছে।

ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন- SIR-এর এন্যুমারেশন পর্ব আজ শেষ হচ্ছে। ১২ থেকে ১৫ই ডিসেম্বর এই চার দিন তথ্য পুনর্যাচাই -এর কাজ চলবে। খসড়া ভোটার তালিকা প্রকাশিত হবে ১৬ই ডিসেম্বর।

এদিকে, দেশজুড়ে যে ১২টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে এসআইআর প্রক্রিয়া চলছে, সেখানে প্রতিটি বুথের মৃত, স্থানান্তরিত ও অনুপস্থিত' ভোটারদের তালিকা রাজনৈতিক দলগুলির বুথ লেভেল এজেন্টদের সঙ্গে ভাগ করে নিতে মুখ্য নির্বাচনী আধিকারিকদের নির্দেশ দিয়েছে নির্বাচন কমিশন। বিহারে এসআইআর চলাকালীন যে পদ্ধতি অনুসরণ করা হয়েছিল, একই মডেল এবার অন্য রাজ্যেও কার্যকর করার সিদ্ধান্ত নিয়েছে কমিশন। এক বিবৃতিতে জানানো হয়েছে, বুথ স্তরে যেসব ভোটারকে 'অ্যাবসেন্ট', 'শিফটেড', 'ডেড' অথবা 'ডুপ্লিকেট' হিসেবে চিহ্নিত করা হয়েছে এবং ঘাঁদের কাছে বারবার গিয়েও বুথ লেভেল আধিকারিকরা পৌঁছতে পারেননি, সেই সমস্ত ভোটারের তথ্য খসড়া ভোটার তালিকা প্রকাশের আগেই রাজনৈতিক দলগুলির মনোনীত এজেন্টদের হাতে তুলে দিতে হবে। ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনী প্রক্রিয়ার স্বচ্ছতা আরও বাড়াতে এবং কোনও যোগ্য ভোটার যাতে ভুলবশত তালিকা বাদ না পড়েন তা নিশ্চিত করতেই এই পদক্ষেপ।

oooooooooooooooooooooooooooooooooooo

ରାଷ୍ଟ୍ରପତି ଦ୍ରୌପଦୀ ମୁର୍ମୁ ଆଜ ଦୁଦିନେର ମଣିପୁର ସଫରେ ଯାଚେନ ସେଖାନେ ତାଁକେ ପ୍ରଥାଗତ ଗାର୍ଡ ଅଫ ଅନାର ଦେଓଯା ହବେ । ସେ ରାଜ୍ୟର କ୍ରୀଡ଼ା ସଂକ୍ଷତିକେ ତୁଲେ ଧରତେ ଐତିହାସିକ ମାପାଳ କାଂଜେଇବୁଂ-ଏ ଏକଟି ପ୍ରଦଶନୀ ପୋଲୋ ମ୍ୟାଚେ ତିନି ଉପସ୍ଥିତ ଥାକବେନ । ସନ୍ଧ୍ୟାୟ, ଇଞ୍ଚଲେର ସିଟି କନ୍ଡେନଶନ ସେନ୍ଟାରେ ତିନି ଏକଟି ଭୋଜସଭାୟ ଅଂଶ ନେବେନ । ବିଭିନ୍ନ ଉନ୍ନୟନମୂଳକ ପ୍ରକଳ୍ପର ଉଦ୍ଘାତନ ଓ ଭିତ୍ତିପ୍ରସ୍ତରଓ ସ୍ଥାପନ କରାର କଥା ତାଁର ।

ଆଗାମୀକାଳ ଇଞ୍ଚଲେର ନୁପେ ଲାଲ ଶୃତିସୌଧେ, ମଣିପୁରେର ବୀର ମହିଳା ଯୋଦ୍ଧାଦେର ସମ୍ମାନ ପ୍ରଦର୍ଶନ କରବେନ ରାଷ୍ଟ୍ରପତି । ଏରପର ତିନି ସେନାପାତି ଜେଲାୟ ଏକଟି ଜନସଭାୟ ଭାଷଣ ଦେବେନ । ସେଥାନେ ବେଶ କିଛୁ ଉନ୍ନୟନମୂଳକ ପ୍ରକଳ୍ପର ଉଦ୍ବୋଧନ ଓ ଶିଳାନ୍ୟାସ କରବେନ ତିନି ।

oooooooooooooooooooooooooooooooooooo

এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি), ২০২৫-২৬ আর্থিক বছরে ভারতের অর্থনৈতিক বিকাশের পূর্বাভাস বাড়িয়ে ৭.২ শতাংশ করেছে। এর আগে এই পূর্বাভাস ছিল ৬.৫ শতাংশ।

জুলাই- থেকে সেপ্টেম্বর এই ত্রৈমাসিকে , মজবুত বৃদ্ধির হার এবং আগামী অর্থবছরে সম্ভাবনার দিকটি বিবেচনা করেই বৃদ্ধির এই পূর্বাভাস ।

তবে ২০২৬-২৭ আর্থিক বছরের পূর্বাভাস ৬.৫ শতাংশতে অপরিবর্তিত রাখা হয়েছে। এডিবি জানিয়েছে, এশিয়া-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের অর্থনীতি এ বছর ৫.১ শতাংশ বৃদ্ধি পাবে, যা সেপ্টেম্বরে দেওয়া ৪.৮ শতাংশ পূর্বাভাসের তুলনায় বেশি।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কেন্দ্রীয় অর্থমন্ত্রক বলেছে, নাবার্ডের গ্রামীণ অর্থনৈতিক পরিস্থিতি সংক্রান্ত সমীক্ষায় দেশের গ্রামাঞ্চলে ভোগ্যপণ্যের চাহিদা বৃদ্ধি পেয়েছে। মন্ত্রক জানিয়েছে, নাবার্ডের অষ্টম রাউন্ডের সমীক্ষায় গতবছরের তুলনায় গ্রামাঞ্চলের মানুষের আয়বৃদ্ধি এবং পারিবারিক পরিস্থিতির উন্নয়নের ইঙ্গিত মিলেছে। ৮০ শতাংশ গ্রামীণ পরিবারে অনেক বেশী ভোগ্যপণ্য ব্যবহার করা হচ্ছে। এছাড়াও, গ্রামীণ পরিবারগুলির মাসিক আয়ের ৬৭ শতাংশের বেশী অর্থ ভোগ্যপণ্যের জন্য ব্যবহার করা হচ্ছে। মন্ত্রক বলেছে, বিভিন্ন পণ্যের ওপর জি এস টি হার কমানোর ফলেই এটি সম্ভব হয়েছে। আগামী বছরে গ্রামীণ পরিবারগুলির আয় প্রায় ৭৬ শতাংশ বৃদ্ধি পাবে বলে এই সমীক্ষায় আশা প্রকাশ করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

অসামরিক বিমান চলাচল মহা নির্দেশালয়- DGCA, পর পর উড়ান বাতিল ও দেরীতে চলার প্রেক্ষিতে, গুরুত্বামে ইন্ডিগোর কর্পোরেট অফিসে একটি বিশেষ দল বা 'ওভারসাইট টিম' গঠন করেছে। DGCA-র এক নির্দেশিকায় জানানো হয়েছে, এর উদ্দেশ্য হল- উড়ান বাতিল বা দেরীতে চলার জন্য যাত্রীদের যেকোনো সমস্যার নিরসন করা। আট সদস্যের এই দলের নেতৃত্বে আছেন ডেপুটি চিফ ফ্লাইট অপারেশন ইঙ্গেলেন ক্যাপ্টেন বিক্রম শর্মা। তাঁরা উড়ান চলাচলের বিভিন্ন গুরুত্বপূর্ণ দিক- যেমন কত সংখ্যক ক্রু সদস্য রয়েছেন, তাঁদের কতজন কাজে যোগ দিচ্ছেন, সময়ের যথোচিত সম্মত সম্মত সহ বিভিন্ন বিষয় খতিয়ে দেখবেন।

এয়ারলাইনের অফিসে প্রতিদিন থাকবেন এই দলের দুজন করে সদস্য। তাঁরা রোটেশনের ভিত্তিতে কাজ করবেন। এছাড়াও DGCA-র আধিকারিক আয়িশ ভিচ ও মণিভূষণ, দৈনিক বিমান চলাচল, উড়ান বাতিল, টাকা ফেরত দেওয়ার প্রক্রিয়া, যাত্রীদের ক্ষতিপূরণ ও ব্যাগেজ ডেলিভারেইর বিষয়ে নজরদারি চালাবেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রাক্তন রাষ্ট্রপতি প্রণব মুখোপাধ্যায়ের জন্মজয়ন্তীতে রাষ্ট্রপতি দ্বৌপদী মুর্ম তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন। আজ রাষ্ট্রপতি ভবনে তাঁর প্রতিকৃতিতে পুস্প স্তবক দিয়ে তিনি তাঁকে শ্রদ্ধা জানান। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিও প্রাক্তন রাষ্ট্রপতি প্রণব মুখোপাধ্যায়ের জন্মজয়ন্তীতে তার প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন। প্রধানমন্ত্রী একটি সোশ্যাল মিডিয়া পোস্টে প্রণব মুখোপাধ্যায়কে একজন রাষ্ট্রনায়ক হিসেবে অভিহিত করেছেন এবং তার পান্তিতের জন্য প্রশংসা করেছেন। প্রধানমন্ত্রী বলেন প্রাক্তন রাষ্ট্রপতি প্রণব মুখোপাধ্যায় দীর্ঘ সময় ধরে জনজীবনে সক্রিয় থেকে দেশের সেবা করেছেন। তার প্রজ্ঞা এবং চিন্তা ভাবনা দেশের গণতন্ত্রকে সমৃদ্ধ করেছে।

স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহও প্রাক্তন রাষ্ট্রপতির জন্মজয়ন্তীতে তার প্রতি শ্রদ্ধা জানিয়ে বলেছেন, তার সংবিধান বিষয়ে অভিজ্ঞতা এবং জনজীবনে অসাধারণ অবদান অনুপ্রেরণা যোগাবে। কংগ্রেসের পক্ষ থেকেও প্রাক্তন রাষ্ট্রপতি প্রণব মুখোপাধ্যায়ের জন্মজয়ন্তীতে তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন। এবং লোকসভায় কংগ্রেসের নেতা মলিকার্জুন খাড়গে এক বিবৃতিতে বলেছেন, জাতি গঠনে প্রাক্তন রাষ্ট্রপতির অবদান স্মরণীয় হয়ে থাকবে। ১৯৩৫ সালের ১১ই ডিসেম্বর প্রণব মুখোপাধ্যায় জন্মগ্রহণ করেন। দেশের অয়োদ্ধ রাষ্ট্রপতি হিসেবে এবং তিনি কেন্দ্রীয় মন্ত্রীসভার বহু গুরুত্বপূর্ণ পদে তিনি কাজ করেছেন। সমাজ জীবনে তার অসাধারণ কাজের স্বীকৃতিতে তাকে ভারতরত্ন সম্মানে ভূষিত করা হয়েছে।

টি -২০ ক্রিকেট সিরিজের দ্বিতীয় ম্যাচে ভারত আজ দক্ষিণ আফ্রিকার মুখোমুখি হবে। নিউ চ্যাপ্টেন্সের মুলানপুরের মহারাজা যাদবেন্দ্র সিং আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়ামে খেলা শুরু হবে সন্ধ্যা সাতটায়।

একদিনের সিরিজ জয়ের পর কটকে ভারত তাদের প্রথম ম্যাচে দক্ষিণ আফ্রিকাকে ১০১ রানে হারিয়ে পাঁচ ম্যাচের টি-২০ সিরিজে ১-০ তে এগিয়ে রয়েছে। এই প্রথম পুরুষদের আন্তর্জাতিক ক্রিকেট ম্যাচ এই মাঠে হচ্ছে।

ভারতীয় দলে প্রথম একাদশে পরিবর্তনের সম্ভাবনা কম। দক্ষিণ আফ্রিকা দলে পরিবর্তন হতে পারে।

oooooooooooooooooooooooooooooooooooo

oooooooooooooooooooo